দৈনিক
ইত্তেফাক

তারিখ ··13·JAN·2016·· ···
পৃষ্ঠা ···১৪··· কলাম ····৬ ······

# খুবিতে শিক্ষকদের কর্মবিরতি অব্যাহত

■ খুলনা অফিস

কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসাবে খুলনা বিশ্ববিদ্যালয়ে (খুবি) শিক্ষকদের ডাকা
অনির্দিষ্টকালের কর্মবিরতি অব্যাহত রয়েছে। কর্মবিরতির দ্বিতীয় দিন মঙ্গলবার সকাল
১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত খুলনা বিশ্ববিদ্যালয়ের ২ নম্বর একাডেমিক ভবন
অডিটরিয়ামে অবস্থান কর্মসূচি পালিত হয়। বিশ্ববিদ্যালয় শিক্ষকদের জন্য ৮ম জাতীয়
বেতন কাঠামোতে অর্থমন্ত্রী প্রদত্ত প্রতিশ্রুতি পূরণ ও অন্যান্য অসঙ্গতি দূরীকরণের
দাবিতে এ কর্মসূচি পালন করা হচ্ছে। প্রফেসর ড. আহমেদ আহসানুজ্জামানের
সভাপতিত্বে অনুষ্ঠিত অবস্থান কর্মসূচি সঞ্চালনা করেন প্রফেসর ড মো. সারওয়ার
জাহান। এদিকে শিক্ষকদের কর্মসূচি চলাকালে মঙ্গলবার দ্বিতীয় দিনের মত শিক্ষকরা
বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কাজ থেকে বিরত ছিলেন।